ঠাকুরগাঁয়ে নানা আয়োজনে দৈনিক শেয়ার বিজের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মোঃ শামসুল আলম, ঠাকুরগাঁও- ঠাকুরগাঁওয়ে নানা আয়োজনে জাতীয় দৈনিক শেয়ার বিজ পত্রিকার ৮ম বর্ষপূর্তি ও নবম বছরে পদার্পণ উপলক্ষে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । গতকাল মঙ্গলবার দুপুর ১২ টায় ঠাকুরগাঁও প্রেসক্লাবের ভিআইপি হল রুমে উক্ত অনুষ্ঠানে আয়োজন করা হয়।কেক কাটা শেষে আলচনা সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন শেয়ার বিজের ঠাকুরগাঁও জেলা প্রতিনিধি মোঃ শামসুল আলম।এর পর প্রেসক্লাব সভাপতি মোঃ লুৎফর রহমান মিঠুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম, বিশেষ অতিথি হিসাবে বক্তব্য দেন সদর উপজেলা বিএনপির সভাপতি মোঃ আব্দুল হামিদ, সাধারণ সম্পাদক মোঃ মাহাবুবুর রহমান তুহিন, ঠাকুরগাঁও প্রেসক্লাব সভাপতি মোঃ লুৎফর রহমান মিঠু, সাধারণ সম্পাদক মোঃ ফিরোজ আমিন সরকার, অর্থ সম্পাদক মো: ফজলে ইমাম বুলবুল, প্রচার সাহিত্য ও প্রচার সম্পাদক মোঃ গোলাম সারোয়ার সম্রাট, নির্বাহী সদস্য মোঃ শামসুজ্জুহা, সাংবাদিক এসএম জসিম উদ্দীন, জাকির মোস্তাফিজ মিলু, খোদা বকশ ডাবলু, মোঃ নাহিদ রেজা প্রমুখ ।এছারা অনুষ্ঠানে জেলায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তারা শেয়ার বিজ এর নবম বছরে পদার্পন উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে বলেন আগামীতে দৈনিক শেয়ার বিজ ঠাকুরগাঁওয়ের উন্নয়ন,সম্ভাবনা ও সমস্যাগুলো চিহ্নিত করে এর সংবাদ তুলে ধরবে এবং বস্তুনিষ্ঠ সংবাদের প্রচারের মাধ্যমে আরও এগিয়ে যাবে এমনটাই প্রত্যাশা। অনুষ্ঠানে আগত অতিথিরা শেয়ার বিজের উন্নতি কামনা করে অনুষ্ঠান শেষ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোঃ ফিরোজ আমিন সরকার